

## বোর্ডের অনুমোদন না নিয়ে কুমিল্লায় শিক্ষার্থী ভর্তি!

### ■ কুমিল্লা প্রতিনিধি

কুমিল্লা লাকসাম পাইলট হাইস্কুলে বোর্ডের অনুমোদন না নিয়ে শিক্ষার্থী ভর্তির অভিযোগ উঠেছে। বোর্ডের চেয়ারম্যানের নিকট এ অভিযোগ দাখিল করেন ওই স্কুলের পার্শ্ব লাকসাম পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা। লাকসাম উপজেলা সদরে পাঁচটি মাধ্যমিক বিদ্যালয় রয়েছে এবং তিনটি বিদ্যালয়ে শিক্ষা বোর্ড অনুমোদিত সহ-শিক্ষা কার্যক্রম চালু আছে। এর মধ্যে ১৯২৩ সালে 'লাকসাম পাইলট হাইস্কুল' ও ১৯২৭ সালে 'লাকসাম পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়' প্রতিষ্ঠা লাভের মাধ্যমে উপজেলায় শিক্ষাক্ষেত্রে এতিহ্য বহন করে চলেছে। এতে উল্লেখ করা হয়, লাকসাম পাইলট হাইস্কুল একটি প্রকল্পের নাম করে বোর্ডের অনুমোদন ছাড়াই ছাত্রী ভর্তির কার্যক্রম শুরু করেছে। এতে লাকসাম পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের অগ্রযাত্রায় অনাকাঙ্ক্ষিত ক্ষতির আশংকা দেখা দেয়। এর প্রতিবাদ জানিয়েছেন এ বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী, অভিভাবক ও ম্যানেজিং কমিটির নেতৃবৃন্দ। এ ব্যাপারে লাকসাম পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা সুরাইয়া বেগম জানান, সুপ্রতিষ্ঠিত লাকসাম পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের ঐতিহ্য 'শ' গজের মধ্যে অবস্থিত লাকসাম পাইলট হাইস্কুলে ছাত্রী ভর্তি করা হলে প্রাচীন এ বিদ্যালয়টিতে ছাত্রী ভর্তি হ্রাস পেয়ে ক্ষতিগ্রস্ত হবে।